

শ্রীগৌরান্দ এল সেজে আয় কাজী আয়।  
 কা'ল ভেঙ্গেছিস্ খোল আ'জ যাবি কোথায়।।  
 সবে মিলে গায় বোলে অঙ্গে উঠে কম্প।  
 'কোথা যাবি' বলিয়া কেহ বা মারে লক্ষ।  
 কেহ কেহ চলিছেন যষ্টি ঘুরাইয়া।  
 কেহ করে বীর দর্প যষ্টি দেখাইয়া।।  
 বাবরা থামেতে যত বসতি যবন।  
 ওইরূপ ভাব তারা করি দরশন।।  
 বাড়ীর বাহিরে মাঠে-ঘাটে ছিল যারা।  
 বাড়ীর মধ্যেতে গিয়া পলাইল তারা।।  
 তিন মিঞা এসে ধেয়ে আগুলিল পথে।  
 সবিনয় বলে 'মোর বাড়ী হ'বে যেতে।'  
 মতুয়ারা বলে 'যদি বল হরিবল।  
 তবে তোমাদের বাড়ী যাইব সকল।'  
 তাহা শুনি তিন মিঞা বলে 'হরিবোল।'  
 দৌড়ে গিয়া পাগল তা'দেরে দিল কোল।।  
 পাগলে লইয়া গেল বাড়ীর ভিতর।  
 পাড়ার মিঞারা যত হ'ল একত্তর।।  
 বাড়ীর উপর গিয়া ঘুরিছে পাগল।  
 তাহা দেখি মিঞারা বলিছে 'হরিবল।'  
 তাহা দেখি মতুয়ারা সেই ভাবে মেতে।।  
 হরি ব'লে নাচিতে লাগিল নানা মতে।।  
 লাফাইয়া উঠিলেন বাড়ীর উপর।  
 মতুয়ারা মিঞারা হইল একত্তর।।  
 বিবি সাহেবেরা সবে এল দেখিবারে।  
 তাহারাও সঙ্গে সঙ্গে হরি নাম করে।।  
 কে করে কি করে কেহ বুঝিতে না পারে।  
 বড় ভীড় গোলমাল বাড়ীর উপরে।।  
 হাঁক দিয়া পাগল আইলেন বাহিরে।  
 জয়হরি গৌরহরি বলে উচ্চৈঃস্বরে।।  
 শেষে আর যত সাধু বাড়ী পড়ে ছিল।  
 কিছুক্ষণ পরে সবে বাহির হইল।।

একত্তর মতুয়ারা হইল সকল।  
 শুনিতোছে মিঞাবাড়ী হরি হরিবোল।।  
 কিছু কাল পরে তাহা হ'ল সম্বরণ।  
 পুনরায় মতুয়ারা জুড়িল কীর্তন।।  
 "আমার গৌরান্দ এল সেজে // আয়রে কাজী  
 আয়।  
 কাজী আয় কাজী আয় কাজী আয় // কাজী  
 আয়।।  
 কা'ল ভেঙ্গেছিস্ খোল করতাল // আ'জ  
 যাবি কোথায়।  
 আমরা ব্রহ্মা-বিষ্ণু-শিব মানিনে // তুই লাগিস্  
 কোথায়।"

গাইতে গাইতে পদ যায় চাঁপালিয়ে।  
 জ্ঞান হয় যেন যায় ভূমিকম্প হ'য়ে।।  
 চাঁপালিয়া থামবাসী যত লোক ছিল।  
 শুকচাঁদ মন্ডলের বাড়ীতে আসিল।।  
 স্ত্রী-পুরুষ বাল-বৃদ্ধ বারো আনা প্রায়।  
 থামের যতেক হিন্দু আইল তথায়।।  
 এদিকে মতুয়া চলে দুই ভাগ হ'য়ে।  
 একভাগ বাড়ী'পরে উঠিলেন গিয়ে।।  
 বাড়ীর উপরে গিয়া 'বলে হরিবোল।  
 প্রেমানন্দে মহানন্দ নাচিছে কেবল।।  
 মতুয়ারা যত ছিল বাড়ীর উপরে।  
 তা'দের পাগল বলে 'তাড়া উহাদেরে।।  
 বাড়ীর নীচায় যারা করে হই হই।  
 উঠিতে পারেনা যেন সবাকারে কই।'  
 থামবাসী যারা বাড়ী'পরে হরি বলে।  
 সবলোকে মহানন্দ তাড়াইয়া দিলে।।  
 হাঁড়ি কাঁধা ইট চেঙ্গা আনিয়া সত্তর।  
 বলে 'তোরা ইহাদিগে ইহা ফেলে মার।।  
 কোন মতে ইহাদিগে উঠিতে না দিবি।  
 ওরা যদি বাড়ী উঠে তোরা মার খাবি।।'